

C.U.  
BENGALI (HONOURS) QUESTION PAPERS —2014

Part - III

পঞ্চম পত্র — ২০১৪

পূর্ণমান—১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

১। (ক) গীতিকাব্য কাকে বলে? এর শ্রেণিবিভাগ করো। উদাহরণসহ গীতিকাব্যের স্বরূপ ও বৈশিষ্ট্যের পরিচয় দাও। ৩+৩+১২

অথবা (খ) উদাহরণসহ যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করোঃ৯+৯

(অ) গাথাকাব্য (আ) আখ্যানকাব্য (ই) সনেট

২। (ক) 'বীরঙ্গনা কাব্য'-এর 'সোমের প্রতি তারা' পত্রে তারা চরিত্র কতটা বিদ্রোহিনী, তা আলোচনা করে দেখাও। ১২

অথবা, (খ) 'বীরঙ্গনা কাব্য'-এর 'দুগ্ধস্তের প্রতি শকুন্তলা' পত্রে শকুন্তলা চরিত্রটি কীভাবে নবনির্মিত হয়ে উঠেছে, আলোচনা করে দেখাও। ১২

৩। (ক) থাকে যদি ধর্ম, তুমি অযোগ্য ভুঞ্জিবে

এ কর্মের প্রতিফল! দিয়া আশা মোরে

নিরাশ করিলে আজি; দেখিব নয়নে

তব আশা- বৃক্ষে ফলে কি ফল, নৃমণি?

— কে, কার উদ্দেশে বলেছে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+২

অথবা,

(খ) দয়ার সাগর তুমি। তা না হলে কভু

রাজ্য-ভোগ ত্যজিতে কি ভ্রাতৃ-প্রেম-বশে?

— কার উক্তি? দয়ার সাগর কে? তার 'রাজ্য-ভোগ' ত্যাগের কারণটি ব্যাখ্যা করো। ১+১+২

৪। (ক) 'যেতে নাহি দিব' কবিতায় একটি তুচ্ছ প্রাত্যহিক ঘটনা কীভাবে মহত্তম জগৎসত্যে উত্তীর্ণ হয়েছে, বিশ্লেষণ করে দেখাও। ১২

অথবা, (খ) 'সোনার তরী' কাব্যের 'বৈষ্ণব কবিতা'য় রবীন্দ্রনাথ কতখানি নতুন দৃষ্টিতে বৈষ্ণব কাব্যের মূল্যায়ন করেছেন, আলোচনা কর। ১২

৫। (ক) 'আঁধার রজনী আসিবে এখনি

মেলিয়া পাখা

সন্ধ্যা-আকাশে স্বর্ণ-আলোক

পড়িবে ঢাকা।'

— কোন্ কবিতার অংশ? উদ্ধৃত অংশটির তাৎপর্য লেখো।

১+৩

অথবা, (খ) এত কাল নদীকূলে

যাহা লয়ে ছিনু ভুলে

সকলই দিলাম তুলে

থরে বিথরে —

এখন আমারে লহো করুণা করে।।

— কে, কাকে এ কথা বলেছে? কেন এ কথা বলা হয়েছে?

১+১+২

৬। (ক) 'বিদ্রোহী' কবিতা অবলম্বনে কবি কাজী নজরুল ইসলামের কবিমানসের পরিচয় দাও।

১২

অথবা, (খ) 'দারিদ্র্য' কবিতার সূচনায় কবি নজরুল বলেছেন, 'হে দারিদ্র্য তুমি মোরে করেছে মহান,' আবার পরে বলেছেন, 'অকালে শুকালে মোর রূপ রস প্রাণ'— এই আপাত স্ববিरोধিতার অন্তরালে যে গভীর ব্যঞ্জনা নিহিত, তা বুঝিয়ে বলো।

৭। (ক) বড় কথা বড় ভাব আসে না ক মাথায়, বন্ধু বড় দুখে!

অমর কাব্য তোমরা লিখিও, বন্ধু, যাহারা আছ সুখে!

— কোন্ কবিতার অংশ? উদ্ধৃত অংশের তাৎপর্য লেখো।

১+৩

অথবা,

(খ) যেদিন আমি হারিয়ে যাব, বুঝবে সেদিন বুঝবে,

অস্তপারের সন্ধ্যাতারায় আমার খবর পুছবে।

— উদ্ধৃত অংশটি ব্যাখ্যা করো।

৪

৮। (ক) জীবনানন্দ দাশের 'সুচেতনা' কবিতায় মানুষের সংকট ও বিপন্নতার সঙ্গে একটি দার্শনিক নিহিতার্থও যুক্ত হয়ে রয়েছে।— আলোচনা করো।

১৪

অথবা, (খ) সুভাষ মুখোপাধ্যায় রচিত 'বধু' কবিতাটির মর্মার্থ বিশ্লেষণ করো। প্রসঙ্গত রবীন্দ্রনাথের 'বধু' কবিতাটির সঙ্গে ঐ কবিতাটির একটি তুলনা করো।

৯। (ক) আমারই বর্বর জয়ের উল্লাসে

মৃত্যু ডেকে আনি নিজের ঘরে?

— কার লেখা? কোন্ কবিতার অংশ? কবির এরকম ভাবনার কারণ কী? ১+১+২

অথবা, (খ) জুড়িয়ে দিলো চোখ আমার, পুড়িয়ে দিলো চোখ

বাড়িতে এসে বলেছিলাম, ওদের ভালো হোক।



— ‘আমি’ কে? ‘ওদের’ বলতে কাদের বোঝানো হয়েছে? চোখ পোড়ানো এবং জুড়োনের কারণ ব্যাখ্যা করো।

1+1+2

১০। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলী বিচার করো :

১৬

(ক) প্রাণ রুদ্ধ, প্রাণ স্তব্ধ। ভারতের স্নিগ্ধ উপকূলে  
লুক্কতার লালা ঝরে। এত দুঃখ, এ দুঃসহ ঘৃণা—  
এ নরক সহিতে কি পারিতাম, হে বন্ধু, যদি না  
লিপ্ত হ’তো রক্তে মোর, বিদ্ধ হ’তো গুঢ় মর্মমূলে  
তোমার অক্ষয় মন্ত্র। অন্তরে লভেছি তব বাণী  
তাই তো মানি না ভয়, জীবনেরই জয় হবে, জানি।

অথবা, (খ) এ অনন্ত চরাচরে স্বর্গমর্ত্য ছেয়ে

সব চেয়ে পুরাতন কথা, সব চেয়ে  
গভীর ক্রন্দন — ‘যেতে নাহি দিব।’ হয়,  
তবু যেতে দিতে হয়, তবু চলে যায়।

চলিতেছে এমনি অনাদি কাল হতে!

প্রলয় সমুদ্রবাহী সৃজনের শ্রোতে

প্রসারিতব্যগ্রবাহ জ্বলন্ত-আঁখিতে

‘দিব না দিব না যেতে’ ডাকিতে ডাকিতে

হু হু করে তীব্রবেগে চলে যায় সবে

পূর্ণ করি বিশ্বতট আর্ত কলরবে।

সম্মুখ উর্মিরে ডাকে পশ্চাতের ঢেউ

‘দিব না দিব না যেতে’ — নাহি শুনে কেউ

নাহি কোনো সাড়া।’

ষষ্ঠ পত্র — ২০১৪

পূর্ণমান—১০০

১। (ক) “এই বইখানা মানুষকে যারা পুতুলের মত নাচায় তাদের বিরুদ্ধে দরদী প্রতিবাদ।”— ‘পুতুল নাচের ইতিকথা’ সম্পর্কে মানিক বন্দ্যোপাধ্যায়ের এই মূল্যায়নকে উপন্যাসটি বিশ্লেষণের মাধ্যমে বিচার করো।

১৪

অথবা (খ) ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসের ‘কুসুম’ চরিত্রটি বিশ্লেষণ করো।

১৪